সম্পাদকীয় / Editorial

ঘনঘোর বর্ষার মেঘাচ্ছন্ন আকাশতলে আজ লক্ষাধিক ভক্তের কলকল্লোল ও হরিসংকীর্তনে ধরাধাম আনন্দমুখরিত — আজ প্রভুর রথযাত্রা। শত দৈন্যদুর্দশা, মনোকষ্ট ও ক্লিষ্টতার মধ্যে অভ্রংলিহ উচ্চতায় উড্ডীন প্রভুর রথের ধ্বজা — অধর্ম ও পাপাচারের উর্দ্ধে তা' যেন সনাতন ধর্মের জয়যাত্রার বিজয়কেতন।

বর্ষার বারিধারা যেরূপ বিশুষ্ক ধরিত্রীমাতাকে করে তোলে সরস, বীজ বপনের উপযুক্ত, তদ্রুপ সদৃগুরু ও মহাত্মাকুল জীবাত্মার মনের তমোনাশ ক'রে সেখানে বপন করেন মহাচৈতন্যের বীজ। গুরুই অজ্ঞান নাশক ব্রহ্ম, মায়ারূপ ভ্রান্তির মোচক। আত্মজ্ঞান প্রদানকরত বহু জন্ম সঞ্চিত পাপরাজি যিঁনি স্থালন করেন, জগৎসংসারের সকল স্থুল ও সুক্ষ্ম বিষয় সমূহ যাঁহার দ্বারা প্রাপ্ত, আজ পুণ্য গুরুপূর্ণিমা তিথিতে সেই গুরুমহারাজগণের চরণে শতকোটি প্রণাম নিবেদন করি।

যিঁনি সাক্ষাৎ তারক ব্রহ্ম, কলিযুগে যিঁনি সর্বতোভাবে আশ্রিত জীবকে রক্ষা ও প্রতিপালন করেন, সেই বদ্রীবিশালজীকে আজ এই পূণ্যলগ্নে মুহুর্মুহু বন্দনা করি। স্কন্দপুরাণ মতে কলিতে জগৎ পরিপালক বিষ্ণু বদ্রীনাথে সতঃ বিরাজিত এবং কলি-দ্বাপরের সন্ধিক্ষণে তিঁনি এই স্থানেই মানবরূপে অবতীর্ণ হবেন জীবউদ্ধারের নিমিত্ত। আজ গুরুপূর্ণিমার পুণ্য তিথিতে ভগবান শ্রীশ্রীবদ্রীনারায়ণজী ও আমাদের পরমারাধ্যা শ্রীশ্রীমায়ের রাতুল চরণে অন্তরের অর্ঘ্যস্করূপ হিরণ্যগর্ভের এই সংকলণটি নিবেদিত হ'ল।

> — ওঁ তৎ সৎ ওঁ — ————

The mortal world reverberates today with boundless joy and exuberance amidst chanting of "Harinama" by devout devotees on the auspicious occasion of "Ratha Yatra". The flags atop His Divine chariots rise above the darkness of sorrow, pettiness and vices of mankind and proclaim, as it were, the victory of universal truth over everything that are unholy.

Just as the rain brings fresh lease of life to the perched soil and prepares it for sowing, sadgurus and saints implant the seeds of supreme consciousness in the souls of disciples. They dispel the darkness of ignorance from our minds and unweave the mantle of "maya" that steadfastly keeps us attached to earthly pleasures. They stand as vanguard of our spiritual journey and deliver us from our acquired sins of ages. On the auspicious occasion of Guru Purnima, let us bow our heads in utmost reverence to the sadgurus — the fountain of all primal virtues, all sublime joy and everything that are good around us.

On this divine occasion, we pay our repeated homage to Shri Shri Badrinarayanji, the presiding deity at Badrinath. According to the scriptures of Skandapurana, Shri Shri Badrivishalji eternally adorns His earthly abode at Badrinath and would manifest in human form at this very place at the juncture of Kali and Dwapara yuga to deliver us from the shackles of sin.

This edition of Hiranyagarbha is being consecrated to the lotus feet of Shri Shri Badrinarayanji and our Sree Sree Maa as a token of our humble devotion and piety on the auspicious occasion of Shri Shri Guru Purnima.

হিরণ্যগর্ভ/ हिरण्यगर्भ